

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪১৮.১৮- ১২৬২

তারিখঃ ২৪ কার্তিক, ১৪২৫
নভেম্বর, ২০১৮

বিষয় : রীট পিটিশন নং ৮৩৮০/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার রামনাথপুর সরকারি (সাবেক রেজিঃ) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জনাব মোঃ মোমিনুর রহমান এর নাম প্রাথমিক ও গণশিক্ষা কর্তৃক স্মারক নং ৩৮.০০৭.০১৫.০০০.১৫.০০.২০১৩.৪০২, তারিখঃ ০১.১২.২০১৬ অফিস আদেশে বাদ পড়ায় তিনি শিক্ষক হিসেবে জাতীয়করনের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮৩৮০/২০১৮ দায়ের করেছেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষন ইউনিটকে ৩নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৪নং, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুরকে ৬নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। মহামান্য আদালত থেকে অদ্যবধি আরজির কোন কপি পাওয়া যায়নি।

২। রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র মহামান্য আদালতে দাখিল করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, রীট পিটিশন নং ৮৩৮০/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


- ১) রীট পিটিশন নং ৮৩৮০/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, ০৩ (তিন) প্রস্থ।
- ২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), ০৩ (তিন) প্রস্থ।
- ৩) রীট পিটিশনটির আরজির কপি।
- ৪) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৫) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- ৬) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, ০৩ (তিন) প্রস্থ।
- ৭) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারনে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

সংযুক্তি, ১। রুলের কপি।

২। ওকালতনামা ০২(দুই) খানা।

৩। ক্ষমতাপর্শণ ০২ (দুই) খানা।


(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রংপুর।


স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪১৮.১৮- ১২৬২/২

তারিখঃ ২৪ কার্তিক, ১৪২৫
নভেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।


(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)।